

শ্রীশ্রীহরি সঙ্গীত

৪৭ নং তাল-গড়খেমটা

আমার মন চল যাই *গুরুর দরবারে ।

কেন সাধে সেধে সংসার মেদে, বন্দী রলি কারাগারে ॥

- ১। নির্মল গুরুর কাছারী, তথায় নাই জুয়াচুরি
কামুকের দণ্ড ভারি আইন অনুসারে ।
*গুরু পাস্ করেছে পবোয়ানা, কপট মিথ্যাবাদীর যেতে মানা
হিংসুকের হয় যন্ত্রণা, কৃপাদণ্ডে জন্দ করে ॥
- ২। তথায় হয় সাধুর দরবার, অসাধুর নাই অধিকার
হ'তেছে সুক্ষ্ম বিচার, সত্যের আইন ধরে ।
এবার রতি মাষা কমি হ'লে, তারে অমনি ধরে দিচ্ছে জেলে
হেঁড়া এক কাছা গলে, রাখছে তারে বেহাল করে ॥
- ৩। ভেঙ্গেছ গুরুর তবিল করণে ভক্তি আপিল
অনুরাগ রাখ উকিল প্রেমিক জুরিদারে ।
তুই খালাস হবি অনায়াসে, শেষে যাবিরে মন, মানুষের দেশে
প্রেমিকের সহবাসে, থাক'বিরে মন শান্তিপূরে ॥
- ৪। শ্রীগুরুর বিচার শুনে, যম রাজার শঙ্কা মনে
স্মরণ ল'য়ে চরণে, বলছে করজোড়ে ।
আমি আর যাবনা মতুয়া নগর,
যত মতুয়া মাতাল প্রেমে বিভোর
ইচ্ছা হয় হইগে নফর, ঘটল না তা কৰ্মাস্তরে ॥
- ৫। গুরুচাঁদ ত্রাণ কর্তা, হরিচাঁদ হরে আত্মা;
গোলোকচাঁদ দিচ্ছে বার্তা, ডেকে উঠেঃস্বরে ।
দয়াল মহানন্দ বলছে কাঁদি, উঠল প্রেমের তুফান ওড়াকান্দি
অশ্বিনী তর্কবাদী ডুব দিলি না রূপ সাগরে ॥

* শ্রীগুরু-পূর্ণব্রহ্ম হরিচাঁদের পুত্র গুরুচাঁদ ।